minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




বৃহস্পতিবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৯ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ২৯ আষাঢ় ১৪৩০ ॥ ২৪ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ১৩ জুলাই ২০২৩



## আওয়ামী লীগের ‘এক দফা’ শেখ হাসিনার অধীনে নির্বাচন



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আমাদের এক দফা, সংবিধান সম্মত নির্বাচন। আমাদের এক দফা, শেখ হাসিনার অধীনে নির্বাচন। গতকাল বুধবার বিকেলে ঢাকা মহানগর ২-এর পাতায় দেখুন

## কয়েক হাজার নেতাকর্মী নিয়ে আওয়ামী লীগের শান্তি সমাবেশ জাহাঙ্গীর আলম



**নিজস্ব প্রতিবেদক :** গাজীপুর সিটি কর্পোরেশনের সাবেক বহিষ্কৃত মেয়র ও গাজীপুর মহানগর আওয়ামী লীগ থেকে বহিষ্কৃত নেতা অ্যাড. জাহাঙ্গীর আলম আওয়ামী লীগের শান্তি সমাবেশে যোগ দিয়েছেন। এসময় তার সঙ্গে কয়েক ২-এর পাতায় দেখুন

## সরকারের পদত্যাগ, সংসদ বিলুপ্তির দাবিতে ফখরুলের ১ দফা ঘোষণা



**নিজস্ব প্রতিবেদক :** সরকারের পদত্যাগ, জাতীয় সংসদের বিলুপ্তি, তত্ত্বাবধায়ক সরকার পুনঃপ্রতিষ্ঠা ও খালেদা জিয়াসহ সব রাজবন্দির মুক্তির দাবিতে ‘এক দফা’ ঘোষণা করেছে বিএনপি। গতকাল বুধবার বিকেলে রাজধানীর ২-এর পাতায় দেখুন

## দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সরকার সশস্ত্র বাহিনীর সার্বিক উন্নয়নের উদ্যোগ নিয়েছে : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** তাঁর সরকার শুধুমাত্র দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য সশস্ত্র বাহিনীর সার্বিক উন্নয়নের উদ্যোগ নিয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ পুনর্ব্যক্ত করেছেন যে বাংলাদেশের কারো সঙ্গে কোন ধরণের যুদ্ধে জড়ানোর ইচ্ছে নেই। তিনি বলেন, ‘আমরা প্রকৃতপক্ষে কারো সাথে যুদ্ধে জড়াতে চাই না। আমাদের দৃষ্টিভঙ্গি শুধুমাত্র আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করা।’

পটুয়াখালী জেলার কলাপাড়ায় বাংলাদেশ নৌবাহিনী বিএনএস শের-ই-বাংলা’র নবনির্মিত ঘাঁটি, ৪১টি ২-এর পাতায় দেখুন

# তত্ত্বাবধায়ক সরকার সমর্থন উচিত হবে না ইইউ'র

**আন্তর্জাতিক ডেস্ক :** চলতি সপ্তাহে দ্য ইউরোপিয়ান টাইমস ও ইইউ অবজার্ভারে ‘দ্য ইইউ মাস্ট নট সাপোর্ট আ কেয়ারটেকার গভর্নমেন্ট ইন বাংলাদেশ’ শীর্ষক এক নিবন্ধ প্রকাশিত হয়েছে। নিবন্ধ লিখেছেন ইউরোপিয়ান ইনস্টিটিউট অব ইনোভেশন অ্যান্ড টেকনোলজি’র (ইআইটি) সদস্য ইয়ান ফিজেল। এর আগে তিনি ইইউ'র সাবেক কমিশনার ও ধর্ম বিষয়ক বিশেষ দূত হিসেবে দায়িত্ব পালন করেন। বিষয়টি বাংলাদেশের সাথে প্রাসঙ্গিক হওয়ায় অনুবাদের চম্বুক অংশ পাঠকদের কথা বিবেচনা করে তুলে ধরা হলো।

বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের ব্যাপারে কোনোভাবেই সমর্থন দেয়া ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) উচিত হবে না বলে মন্তব্য করেছেন ইইউ’র সাবেক কমিশনার ও ধর্ম বিষয়ক বিশেষ দূত ইয়ান ফিজেল।

তিনি বলেছেন, অনির্বাচিত তত্ত্বাবধায়ক সরকারের কাছে ক্ষমতা দেয়া হলে তা আবারও সামরিক বাহিনীর হাতে চলে যেতে পারে। যেমনটা ঘটেছিল এখন থেকে ১৭ বছর আগে ২০০৬ সালে।




নিবন্ধে দক্ষিণ এশিয়ার দেশগুলোর একনায়কতান্ত্রিক শাসনের কথা তুলে ধরে তিনি বলেন, এখন থেকে প্রায় ৯ বছর আগে থাইল্যান্ডে গণতান্ত্রিকভাবে নির্বাচিত একটি সরকারকে সরিয়ে ক্ষমতা দখল করেছিল সামরিক জান্তা। সেই সময় ওই জান্তা সরকারের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে দারুণ প্রশংসা কুড়িয়েছিলেন তখনকার ইইউ’র পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান ফেদেরিকো মোঘেরিনি।

প্রশংসার পাশাপাশি তার জন্য একটি পূর্বাভাসমূলক সতর্কবার্তাও ছিল: ‘ক্ষমতা একবার সামরিক বাহিনীর দখলে চলে গেলে, সেটা তারা আর সহজে ছাড়তে চায় না। বিশেষ করে জান্তা সরকার নতুন করে এমনভাবে সংবিধান লেখে যাতে ক্ষমতার ওপর তাদের দখল চিরস্থায়ী হয়।’

নিবন্ধ অনুযায়ী, অনেকটা প্রত্যাশিতভাবেই থাইল্যান্ডে ২০১৭ সালে নতুন সংবিধান চালু করা হয়। যা সেনাবাহিনীর ক্ষমতাকে আরও পাকাপোক্ত করে। এরও দুই বছর পর অবশেষে ২০১৯ সালে সেখানে একটি নির্বাচন অনুষ্ঠিত হয়। যার মধ্যদিয়ে জান্তা সরকারের প্রধান তার সামরিক উর্দি ছেড়ে ‘বেসামরিক’ চেহারায় থাইল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী হন।

দুর্ভাগ্যজনকভাবে গত ৯ বছরে ইউরোপীয় ইউনিয়ন ও পশ্চিমা বিশ্বের বেশিরভাগ দেশই থাইল্যান্ডের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে এবং তার নীতির বিসর্জন দিয়েছে। এক কথায় গণতন্ত্রের পক্ষে দাঁড়ানোর পরিবর্তে দেশটির অগণতান্ত্রিক সরকারের সঙ্গে পূর্ণ সহযোগিতার সম্পর্কে ফিরে আসে।

অবশেষে চলতি বছরের মে মাসে নতুন সংবিধানের অধীনে দ্বিতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। এবার সামরিক অভ্যুত্থানের ৯ বছর পর সেনা সমর্থিত রাজনৈতিক দলগুলোকে একপাশে সরিয়ে মুভ ফরোয়ার্ড ও পিউ থাই পার্টির মতো গণতন্ত্রপন্থী দলগুলো বড় জয় পেয়েছে।

তবে নির্বাচনের তিন সপ্তাহ পরও সরকার গঠন সম্ভব হয়নি। গণতন্ত্রপন্থী জোটের মনোনীত প্রধানমন্ত্রী এখনও অনিশ্চতার মধ্যে রয়েছেন। তার ক্ষমতায় যাওয়া না যাওয়া এখনও অনেকটা ক্ষমতাসীন শক্তির ইচ্ছার ওপরই নির্ভর করছে।

দুই দলের রাজনৈতিক ক্ষমতা প্রদর্শন

## জনসাধারণের ভোগান্তি

**নিজস্ব প্রতিবেদক :** দেশের অন্যতম প্রধান দুই রাজনৈতিক দল আওয়ামী লীগ এবং বিএনপি। আজ বুধবার রাজধানীতে প্রধান এই দুই দলই সমাবেশ করেছে। রক্ত দিয়ে হলেও আওয়ামী লীগ সরকারের অধীন নির্বাচন হতে না দেওয়ার ঘোষণা দিয়েছেন বিএনপি নেতারা। তাঁরা বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করলেই কেবল নির্বাচন হবে। বিএনপির সমাবেশ থেকে সরকার পতনের লক্ষ্যে চলমান বিএনপির যুগপৎ আন্দোলনের নতুন রূপরেখা ‘একদফা’ ঘোষণা করেছে দলটি। সরকারের পদত্যাগ, জাতীয় সংসদের বিলুপ্তি, তত্ত্বাবধায়ক সরকার পুনঃপ্রতিষ্ঠা ও খালেদা জিয়াসহ ২-এর পাতায় দেখুন

## ভারতীয় ভিসা আবেদনে নতুন নিয়ম চালু

**নিজস্ব প্রতিবেদক :** ভিসা আবেদন পদ্ধতি আরো সহজ করতে ও দীর্ঘ লাইনের কারণে ভিসা আবেদনকারীদের অসুবিধা কমাতে নতুন নিয়ম চালু করেছে ঢাকার ভারতীয় হাইকমিশন।

গত মঙ্গলবার থে?কে এ নতুন নিয়ম চালু হলেছে বলে ওয়েবসাইটে দেয়া এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার (আইভেক), বাংলাদেশ।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, যে সকল আবেদনকারী তাদের ভিসা আবেদন হাইকমিশনে প্রক্রিয়াকরণ চলাকালে অন্য কাজে ব্যবহার করার জন্য নিজেদের পাসপোর্ট ফেরত পেতে চায়, তাদের জন্য এখন আইভ্যাকে ভিসা আবেদন জমা দেয়ার সময় পাসপোর্ট





## খুলনায় সুন্দরবন ক্লিনিকে র‌্যাবের অভিযান, লাখ টাকা অর্থদন্ড

**নিজস্ব প্রতিবেদক :** খুলনার লবনচরা থানার জিরোপয়েন্ট এলাকায় অনুমোদনবিহীন সুন্দরবন ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারে র‌্যাব-৬ অভিযান পরিচালনা করে।

বুধবার ১২ জুলাই র?্যাব-৬ স্পেশাল কোম্পানীর লেঃ কমান্ডার এম সারোয়ার হুসাইন(এক্স)বিএন এর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। র‌্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি দীর্ঘদিন ধরে অনিয়মের সাথে অনুমোদনবিহীন সুন্দরবন ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার পরিচালনা করে আসছে। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে খুলনা জিরো পয়েন্ট এলাকায় সুন্দরবন ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারে জেলা প্রশাসক কার্যালয়ের সিনিয়র সহকারী ২-এর পাতায় দেখুন

## ওসি ও তার স্ত্রীর কারাদন্ড

**নিজস্ব প্রতিবেদক :** দুর্নীতির অভিযোগে দায়ের করা এক মামলায় রাজধানীর গুলশান থানার সাবেক অফিসার ইনচার্জ (ওসি) ফিরোজ কবিরকে ছয় বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং তার স্ত্রী সাবরিনা আহমেদকে চার বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

গতকাল বুধবার সকালে ঢাকার বিশেষ জজ আদালত-৯ এর বিচারক শেখ হাফিজুর রহমানের আদালত আসামিদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

রায় শেষে জামিনে থাকা এ দুই আসামিকে সাজা পরোয়ানা দিয়ে কারাগারে পাঠানো হয়েছে।

ফিরোজ কবিরকে কারাদণ্ডের পাশাপাশি অপরাধের সাথে সংশ্লিষ্ট সম্পত্তির ২-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগের সমাবেশ স্থল জনতার সমুদ্রে পরিণত

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দক্ষিণ দিকের সড়কে আনুষ্ঠানিকভাবে আওয়ামী লীগের সমাবেশ শুরু হয়েছে বেলা আড়াইটা থেকে। বিকেল সাড়ে চারটার দিকেও ক্ষমতাসীন আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা মিছিল নিয়ে সমাবেশস্থল আসছেন।

সরেজমিনে দেখা যায়, বেলা যত বাড়ছে নেতা-কর্মীদের উপস্থিতিও তত বাড়ছে।? রাজধানীর বিভিন্ন এলাকার পাশাপাশি এই সমাবেশে কেরানীগঞ্জে, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, রূপগঞ্জ, সাভার, আশুলিয়া ও গাজীপুর থেকে বিপুলসংখ্যক নেতা-কর্মী এই সমাবেশে অংশ নিয়েছেন।

বিএনপি ও জামায়াতের সন্ত্রাস, জঙ্গিবাগ, নৈরাজ্য, ২-এর পাতায় দেখুন

### আওয়ামী লীগের শান্তি সমাবেশে চেয়ার ছোড়াছুড়ি

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় মসজিদ বায়তুল মোকাররম দক্ষিণ গেটে আওয়ামী লীগের ‘শান্তি সমাবেশে’ চেয়ার ছোড়াছুড়ি হয়েছে। বুধবার (১২ জুলাই) দুপুর দেড়টায় মঞ্চের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সভামঞ্চের সামনে অবস্থান নেওয়ার চেষ্টাকে কেন্দ্র করে দুপুক্ষের মধ্যে সংঘর্ষ হয়। বুধবার দুপুর পৌনে ২টার দিকে বস্ত্র ও পাট মন্ত্রী গোলাম দস্তগীর গাজীর সমর্থকদের সঙ্গে ঢাকা মহানগর আওয়ামী লীগের সভাপতি আবু আহমেদ মন্নাফির ২-এর পাতায় দেখুন

## ৭টি শর্ত অমান্য করে সমাবেশ করলো বিএনপি

**নিজস্ব প্রতিবেদক :** ২৩ শর্তে নয়াপল্টন বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করার অনুমতি পেয়েছিল বিএনপি। মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) সদরদপ্তর থেকে এক চিঠিতে ২৩ শর্তসাপেক্ষে সমাবেশ করার এই অনুমতি দেওয়া হয়। তবে সেই ২৩ শর্তের মধ্যে ৭টি শর্ত অমান্য করেছে দলটি।

গতকাল বুধবার বেলা ২টা থেকে আনুষ্ঠানিকভাবে সে সমাবেশ শুরু করে দলটি। কিন্তু ডিএমপির ২৩ নির্দেশনার মধ্যে ৭টি নির্দেশনা মানেনি বিএনপি। ডিএমপির ২৩ শর্তের ৬ নম্বরে বলা হয়, নিজস্ব ব্যবস্থাপনায় সমাবেশে আগতদের হ্যান্ড হেল্ড মেটাল ডিটেক্টরের মাধ্যমে চেকিং করতে হবে। কিন্তু সরেজমিনে দেখা গেছে, বিএনপির সমাবেশ আগত নেতাকর্মীদের ২-এর পাতায় দেখুন

### একদফা দাবিতে সারাদেশে বিএনপির পদযাত্রা ১৮-১৯ জুলাই

**নিজস্ব প্রতিবেদক :** ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের পদত্যাগের ১ দফা দাবিতে আগামী ১৮ ও ১৯ জুলাই ঢাকাসহ সারা দেশে মহানগর ও জেলা পর্যায়ে পদযাত্রা কর্মসূচি পালন করবে বিএনপি। বুধবার বিকেলে নয়াপল্টনে সমাবেশে বক্তৃতাকালে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ কর্মসূচি ঘোষণা করেন।

সমাবেশে সভাপতিত্ব করেন ঢাকা উত্তর বিএনপির আহ্বায়ক আমান উল্লাহ আমান। মির্জা ফখরুল জানান, ১৮ জুলাই ঢাকায় সকাল ১০টা থেকে ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে গলা কেটে ইউপি সদস্যের রহস্যজনক মৃত্যু

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মালিয়াট গ্রামে গলা কেটে আনোয়ার হোসেন নামে এক ইউপি সদস্যের রহস্যজনক মৃত্যু হয়েছে। বুধবার ১ টার দিকে মালিয়াট গ্রামের নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। তবে তার মৃত্যু নিয়ে পরিবার, ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ৪দিন ব্যাপি ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ৪দিন ব্যাপি ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করলেন জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম। ঝিনাইদহ পৌরসভার আয়োজনে বুধবার পৌরসভা চত্বরে প্রধান অতিথি হিসেবে এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন তিনি। ঝিনাইদহ পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলাম, সদর হাসপাতালের মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ কাউসার হামিদ, শিশু হাসপাতালের কনসালটেন্ট ডাঃ ফরিদ হাসান (জামিল) সহ অন্যান্য ২-এর পাতায় দেখুন






## ঝিনাইদহে মরমী কবি পাগলাকানাইয়ের ১৩৪ তম মৃত্যু বার্ষিকী পালিত

**বসির আহাম্মেদ :** ঝিনাইদহে মরমী কবি পাগলা কানাইয়ের ১৩৪ তম মৃত্যু বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। বুধবার সকালে সদর উপজেলার বেড়বাড়ী গ্রামে পাগলাকানাই স্মৃতি সংরক্ষন সংসদের আয়োজনে কবির স্মৃতি স্তম্ভে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সেসময় পাগলাকানাই স্মৃতি সংরক্ষণ সংসদের সাধারণ সম্পাদক ও উপজেলা ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে ৪ ক্লিনিক ও প্রাইভেট হাসপাতাল সিলগালা

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুরে লাইসেন্স বিহীন কসাইখানা নামক ৪টি ক্লিনিক ও প্রাইভেট হাসপাতাল সিলগালা ও প্রত্যেককে ৫ হাজার টাকা করে জরিমানা করেছে র‌্যাবের মোবাইল কোট।

বুধবারসকালে ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্তবর্তী পদ্মপুকুর বাজারে অবস্থিত মহিউদ্দিন প্রাইভেট হাসপাতাল,নেপারমোড়ে অবস্থিত একতা ক্লিনিক,মা ও শিশু প্রাইভেট হাসপাতাল,ভৈরবা বাজারে অবস্থিত শিহাব প্রাইভেট হাসপাতালে র‌্যাবের মোবাইল কোট এ অভিযান পরিচালনা করেন।



এ সময় র‌্যাবের মোবাইল কোট এ ৪টি ক্লিনিক ও প্রাইভেট হাসপাতাল সিলা গালা ও প্রত্যেককে ৫ হাজার করে মোট ২০ হাজার ২-এর পাতায় দেখুন




## ধর্ষককে গ্রেফতারের দাবিতে শৈলকুপায় সংবাদ সম্মেলন

**শৈলকুপা প্রতিনিধি :** ঝিনাইদহের শৈলকুপায় ১ম শ্রেনীতে পড়ুয়া এক শিক্ষার্থীকে ধর্ষণের ঘটনায় ধর্ষক শাহমত খাঁ (৬০)কে গ্রেফতার ও ফাঁসির দাবিতে সংবাদ সম্মেলন করেছে ধর্ষিতার পিতা। আজ (বুধবার) দুপুরে শৈলকুপা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন ২-এর পাতায় দেখুন

## মিনিস্টারের ‘হুলস্থুল অফারে’ ফ্রিজ কিনলেই টিভি ফ্রি

**নিজস্ব প্রতিবেদক :** দেশের অন্যতম প্রধান এবং জনপ্রিয় ইলেক্ট্রনিক্স কোম্পানি ‘মিনিস্টার গ্রুপ’ ক্রেতা সাধারণের জন্য নিয়ে এসেছে বহুল প্রতীক্ষিত ‘হুলস্থুল অফার’। এই অফারে টিভি একদম ফ্রি। শুধু টিভিই নয়, মিনিস্টার পণ্য ক্রয়ে রয়েছে অবিশ্বাস্য সব নগদ মূল্যছাড় এবং পণ্যের সাথে আর্কষণীয় উপহার।




হুলস্থুল অফারে মিনিস্টার গ-৬০০-৬উ (৬০০ লিটার) মডেলের ফ্রিজ কিনে ক্রেতা পেয়ে যাবেন ৪৩ ইঞ্চি এন্ড্রয়েড ভয়েস টিভি একদম ফ্রি সাথে ৩৪,৭৬৩ টাকার ইনস্ট্যান্ট ক্যাশ ডিসকাউন্ট। আবার, মিনিস্টার এম ১৬৫ মডেলের ফ্রিজটি অবিশ্বাস্য মূল্যে মাত্র ২৩,৯০০ টাকায় পাওয়া যাচ্ছে (শুধুমাত্র নগদ ক্রয়ের ক্ষেত্রে) শুধু তাই নয়, মিনিস্টারের এম ৩৩০ মডেলের (নির্দিষ্ট মডেলের ক্ষেত্রে) ফ্রিজ ক্রয়ে গ্রাহকগণ পাবেন ২-এর পাতায় দেখুন

## একদিনে রেকর্ড ১২৪৬ ডেঙ্গুরোগী হাসপাতালে, পাঁচজনের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** দিন যত গড়াচ্ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ততই বাড়ছে। প্রায় প্রতিদিনই আক্রান্তের সংখ্যায় গড়ছে রেকর্ড। পাশাপাশি বাড়ছে মৃত্যু। গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা গেছেন পাঁচজন। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮৮ জনে। গত ২৪ ঘণ্টায় এক হাজার ২৪৬ জন ডেঙ্গুরোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। যা চলতি বছরে একদিনে সর্বোচ্চ। এর আগে গতকাল মঙ্গলবার একদিনে এক হাজার ৫৪ জন ডেঙ্গুরোগী হাসপাতালে ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে সদস্যের অনাস্থা ভোটে পরাজিত চেয়ারম্যান জিন্টু



**মো ঃ আজাদ :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টুর কাছ থেকে বড় ধরনের সুবিধা না পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তরে একের পর এক অনাস্থা জানিয়ে লিখিত অভিযোগ করে আসছিলেন ৯ জন ইউপি সদস্য।

বুধবার বিকালে উপজেলা পরিষদে বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টুর বিরুদ্ধে ১২ জন ইউপি সদস্যরা অনাস্থা ভোটে অংশো গ্রহন করেন। ১২জন ইউপি সদস্যের মধ্যে ৯ জন ইউপি সদস্য চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টুর বিরুদ্ধে অনাস্থা ভোট দেন। বাকি ৩জন ইউপি সদস্যরা চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টুর পক্ষে ভোট ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

বৃহস্পতিবার ১৩ জুলাই ২০২৩

## ড্রাগন ফলের সৌন্দর্য বাড়াতে হরমোন স্প্রে, বাড়ছে স্বাস্থ্য ঝুঁকি



**নিজস্ব প্রতিবেদক :** যশোরের চৌগাছায় ড্রাগন ফলে হরমোন স্প্রে করে দ্রুত বড় করার অভিযোগ উঠেছে। কৃত্রিমভাবে বড় করা ড্রাগন ফল পরীক্ষার দাবি করেছেন ক্রেতারা। চৌগাছাসহ পার্শ্ববর্তী মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলার কৃষক এমনকি বিদেশ ফেরত ব্যক্তি ও বেকার যুবকদের কাছে লাভজনক ফসলের নাম ড্রাগন। প্রায় এক দশক আগে ফলটি চৌগাছাতে চাষ শুরু হয়। সময়ের সাথে বাড়তে থাকে এর ব্যাপকতা। রং আর স্বাদে অপরুপ এক সৌন্দর্য বহন করায় তা সাধারণ মানুষের কাছে ব্যাপক জনপ্রিয় হয়ে ওঠে।

দ্রুত বাজারজাতকরণের লক্ষ্যে কৃষক টনিক ও প্লানোফিক্র নামে দুটি হরমোন পানির সাথে মিশিয়ে কৃষক এ ফলে স্প্রে করছেন। পাশাপাশি অপরিপক্ক সবুজ রঙের ড্রাগন দ্রুত লাল রঙে পরিণত করতেও প্রয়োগ করা হচ্ছে ওষুধ। স্প্রে করা হরমোন স্বাস্থ্যের জন্য কতটুকু উপযোগী তা নিয়ে ক্রেতা সাধারষের মাঝে সন্দেহের সৃষ্টি হয়েছে।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, বর্তমানে চৌগাছা উপজেলাতে ১৩৫ হেক্টরের বেশি জমিতে ড্রাগন চাষ করা হয়েছে। উপজেলার পাতিবিলা, হাকিমপুর ও নারায়ণপুর ইউনিয়নে ড্রাগনের চাষ সব থেকে বেশি। এক একজন কৃষক দুই বিঘা থেকে শুরু করে ২৫ বিঘা পর্যন্ত ড্রাগনের চাষ করেছেন। ড্রাগন ফল ধীরে ধীরে যখন সাধারণ মানুষের কাছে পছন্দের একটি ফলে রুপ নিতে শুরু করেছে ঠিক সেই সময়ে কতিপয় কৃষক গাছে ফলটি থাকা অবস্থায় দ্রুত বড় করার জন্য হরমোন স্প্রে করছেন। প্রথম দিকে হরমোনের ব্যবহার কম দেখা গেলেও দিন যত যাচ্ছে এর ব্যবহার ততই বৃদ্ধি পাচ্ছে। নারায়ণপুর গ্রামের চাষি আবু সাঈদ জানান, তিনি ২ বিঘা জমিতে ড্রাগনের চাষ করেছেন। ইতোমধ্যে প্রায় ৩ লাখ টাকার ড্রাগন বিক্রি করেছেন।

## শৈলকুপায় তল্লাশির নামে সার্জেন্ট বিল্লালের বিরুদ্ধে হয়রানির অভিযোগ!

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা পৌর শহরের গুরুত্বপূর্ণ স্থান কবিরপুর তিন রাস্তার মোড় এলাকা। যেখানে প্রতিদিন যানজটে চরম দুর্ভোগ পোহাতে হয় পথচারী ও যাত্রীদের। এতে প্রায়ই ঘটছে ছোট-বড় দূর্ঘটনা।

জানা গেছে, শৈলকুপা ভায়া গাড়াগঞ্জ সড়কের কবিরপুর তিন রাস্তার মোড় দিয়ে প্রতিদিন পরিবহন বাস, প্রাইভেটকার, মাইক্রোবাস, মালবাহী ট্রাক, মোটরসাইকেল, পিকআপ ভ্যানসহ প্রায় ৩ থেকে ৪ হাজার যানবাহন চলাচল করে। এছাড়াও স্থানীয়ভাবে সিএনজি, অটোরিকশা, টমটমগুলো এ মোড় হয়ে উপজেলার গ্রামসহ বিভিন্ন এলাকায় চলাচল করে। যানজটের কারণে যানবাহনগুলো প্রতিদিন ঘণ্টার পর ঘণ্টা এ মোড়ে দাঁড়িয়ে থাকে।

সরেজমিনে জানা গেছে, এ মোড়ে কর্তব্যরত পুলিশ সার্জেন্ট বিল্লাল বিভিন্ন যানবাহন তল্লাশি করতে গাড়িগুলো রাস্তায় থামাতে বাধ্য করেন। গাড়ি থামিয়ে চালকের কাছে কাগজপত্র চান। এসময় চালকরা বৈধ কাগজপত্র দেখালেও নানা অজুহাতে টাকা দাবি করেন তিনি। বৈধ কাগজপত্র দেখাতে না পারলে জরিমানা বা মামলা করার কথা বলে মোটা অঙ্কের টাকা দাবি করেন। টাকা দিলে সব মাফ, আর টাকা না দিলে মামলা বা জরিমানা করা হয়। এভাবে রাস্তায় গাড়ি থামানোর জন্যই বেশিরভাগ সময় যানজটের ২-এর পাতায় দেখুন

## মহাসড়কের ধারে বৃহৎ গর্ত ও গাছের গুড়ি, যানবাহন চলাচলে দীর্ঘ যানযট



**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** যশোর-ঝিনাইদহ মহাসড়ক প্রশস্তকরন ও নতুন রাস্তা নির্মাণে কর্তন করা হচ্ছে ঝিনাইদহের কালীগঞ্জের পথের ধারের সেই ঐতিহাসিকভাবেই শতবর্ষী রেইনট্রি কাছগুলো। যে গাছগুলো রোপন করেছিলেন সেই সময়ের কিছু পরিবেশবাদী মানুষ। ঐ সময় মুলত বিশুদ্ধ অক্সিজেন আর শীতল ছায়ার পরশ পাওয়ার জন্যই গাছগুলো রোপন করা হয়েছিল। মোটর গাড়ী প্রচলনের আগে এ সমস্ত পথে পথচারীসহ পালকি, ঘোড়ার গাড়ী, গরুর গাড়ী ইত্যাদি চলাচলের কারণে পথের ধারে মূলতঃ ছায়া প্রদানকারী বৃক্ষ রোপনের প্রচলন ছিল। পর্যায়ক্রমে এ সমস্ত পথ সড়ক হতে মহাসড়কে রূপান্তরিত হয়েছে। এ সমস্ত বৃক্ষের অধিকাংশই ছায়া প্রদানকারী বৃহৎ আকারের বৃক্ষ হওয়ায় এ বৃক্ষ সমূহ ক্ষেত্র বিশেষে সড়কের ২-এর পাতায় দেখুন



## সাতক্ষীরা জেলা পুলিশের কল্যাণ সভায় শ্রেষ্ঠ ওসি হলেন কলারোয়ার মোস্তাফিজুর রহমান

**সোহাগ হোসেন কলারোয়া :** জেলায় রেকর্ড ব্রেক পরিমান মাদক উদ্ধার, মাদক ব্যবসায়ী গ্রেপ্তার, অস্ত্র উদ্ধার ও সার্বিক ভাবে অপরাধ দমনে বিশেষ অবদান রাখায় জুন/২৩ মাসে জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ চৌকস ওসি হিসাবে পুরুস্কার পেয়েছেন কলারোয়া থানার ওসি মোহা মোস্তাফিজুর রহমান। বুধবার সকালে সাতক্ষীরা পুলিশ ২-এর পাতায় দেখুন

## সরকারি হাসপাতালে ৫০ টাকায় ডেঙ্গু পরীক্ষা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১ মাস সকল সরকারি হাসপাতালে ১০০ টাকার পরিবর্তে ৫০ টাকায় ডেঙ্গু পরীক্ষা করানো যাবে। স্বাস্থ্য অধিদপ্তর এক বিশেষ সতর্ক বার্তায় এই তথ্য জানিয়েছে। খবর তথ্য বিবরণীর। এতে বলা হয়, ডেঙ্গু নিয়ে আতঙ্কিত না হয়ে সতর্ক থাকতে হবে, পরিবেশ পরিচ্ছন্নতার ওপর নজর দিতে হবে বলে পরামর্শ দিচ্ছে স্বাস্থ্য অধিদফতর। জ্বর হলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ডেঙ্গু পরীক্ষা করতে বার্তায় বলা হয়েছে।



## ঝিনাইদহে আশ্রয়ণ-২ প্রকল্পের যৌথ কমিটির সভা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণা করার লক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পের নির্দেশনা অনুযায়ী যৌথ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে সদর উপজেলা অডিটোরিয়ামে উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব সাইদুল করিম মিন্টু, সদর উপজেলা চেয়ারম্যান আব্দুর রশিদ, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি)শারমিন আক্তার সুমী, ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি'র একান্ত সচিব ২-এর পাতায় দেখুন

## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সপ্তাহে ৩ দিন হবে সিজারিয়ান

### প্রশংসায় ভাসছেন ডা: রাশেদ আল মামুন



**সম্রাট হোসেন :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন দায়িত্ব ভার গ্রহনের পর থেকে চিকিৎসা সেবার মান আগের থেকে অনেক গুণ বৃদ্ধি পেয়েছে। প্রয়োজনীয় ডাক্তার ও অবকাঠামোর ঘাটতি থাকলেও ডা: রাশেদ আল মামুনের সার্বিক তত্বাবধানে চিকিৎসা সেবার মান অন্য যে কোন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে অনেক ভাল।

গরীব অসহায় গর্ভবতী মায়েদের কথা চিন্তা করে ডা: রাশেদ আল মামুনের সার্বিক তত্বাবধানে ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে সপ্তাহে ২দিন অজ্ঞান ডাক্তার এনে শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গর্ভবতী মায়েদের বিনামূল্যে চিকিৎসা সিজারিয়ান অপারেশন করা হচ্ছিল। তবে ডাক্তার রাশেদ আল মামুন তার প্রচেষ্টা শৈলকুপার গরীব অসহায় গর্ভবতী মায়েদের দুঃখ কষ্ট লাঘব করার জন্য ২-এর পাতায় দেখুন

## অভয়নগরে কৃষকের দুই লাখের বিদ্যুৎ বিল এখন ২৫৩ টাকায়

**অভয়নগর প্রতিনিধি :** যশোরের অভয়নগরে কৃষকের দুই লাখের বিদ্যুৎ বিল এখন ৫০ ইউনিটের মূল্য বাবদ ২৫৩ টাকা বিল করা হয়েছে। পল্লী বিদ্যুতের ভৌতিক বিদ্যুৎ বিল হাতে পেয়ে দিশেহারা হয়ে পড়েছিলেন খোকন মণ্ডল নামে এক কৃষক। চলতি বছরের মে মাসে ২৩০ টাকা বিল পরিশোধ করলেও জুন মাসে ২ লাখ ৬ হাজার ৯৭৬ টাকার বিদ্যুৎ বিল করা হয় তার নামে। এই বিলের খবর জানাজানি হলে চাঞ্চল্যের সৃষ্টিহয়। পরবর্তীতে তার নামে ব্যাবহৃত ৫০ ইউনিটের মূল্য বাবদ ২৫৩ টাকার সেই বিল করা হয়েছে। কৃষক খোকন মণ্ডল উপজেলার সুন্দলী ইইনিয়নের ডহরমশিয়াহাটি গ্রামের নিমাই মণ্ডলের ছেলে।

ভুক্তভোগী ২-এর পাতায় দেখুন




## অভয়নগরে এক মাদরাসার ১৭ ছাত্রীর বাল্যবিয়ে

**অভয়নগর প্রতিনিধি :** যশোরের অভয়নগরে মহাকাল বি.সি.সি মোজাদ্দেদিয়া মহিলা দাখিল মাদরাসার ১৭ ছাত্রী বাল্যবিয়ের শিকার হয়েছে। বাল্যবিবাহের জন্য মাদরাসার শিক্ষার্থী শুন্য কোটায় নেমে এসেছে। এদের মধ্যে দশম শ্রেণীর সাত জন, নবম শ্রেণীর ছয় জন, অষ্টম শ্রেণীর দুই জন ও সপ্তম শ্রেণীর দুই জন শিক্ষার্থী। মাদরাসা সূত্রে জানায়, মহাকাল বি.সি.সি মোজাদ্দেদিয়া মহিলা দাখিল মাদরাসার ছাত্রীরা ২০২৩ সালে ২-এর পাতায় দেখুন

## গাংনীতে হেলথ প্রমোশন ফাউন্ডেশনের দাবীতে অবস্থান কর্মসূচী




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে স্বাস্থ্য উন্নয়নে হেলথ প্রমোশন ফাউন্ডেশনের দাবীতে অবস্থান কর্মসূচী ও প্রধানমন্ত্রী বরাবর স্বারকলীপি প্রদান অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১টায় গাংনী উপজেলা পরিষদের সামনে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়। আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থা ও শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা আয়োজিত অবস্থান কর্মসূচীতে স্মার্ট বাংলাদেশ গঠন বর্তমান সরকারের একটি প্রতিশ্রুতি ও শ্লোগান। মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা অনুসারে 'স্মার্ট বাংলাদেশ" হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি হচ্ছে স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার এবং স্মার্ট সমাজ। এটির বাস্তবিক রূপ দেয়ার জন্য অন্যান্য বিষয়ের পাশাপাশি দেশের সকল নাগরিকের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করা জরুরী দাবী জানিয়ে বক্তব্য রাখেন আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী ২-এর পাতায় দেখুন

## কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত



**কুষ্টিয়া প্রতিনিধি :** কুষ্টিয়ার কুমারখালীতে শ্যালো ইঞ্জিনচালিত নসিমনের ধাক্কায় শাহিন মিয়া (৩৩) ও ইকরামুল হক (৩৫) নামের দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। বুধবার দুপুর ১২টার সময় কুমারখালী উপজেলার কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের আলাউদ্দিননগর মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহিন মিয়া চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌর এলাকার ঝাঝড়াপুর এলাকার শামসুল আলমের ছেলে এবং ইকরামুল হক পার্শ্ববর্তী ২-এর পাতায় দেখুন

## গাংনীতে খাদ্যে বিষক্রিয়ায় একই পরিবারের ৫জন অসুস্থ, একজনের মৃত্যু



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে খাদ্যে বিষক্রিয়ায় গুরুতর অসুস্থ হয়ে একই পরিবারের ৫ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে মোমিনুর ইসলাম (৬০) মারা গেছেন। মঙ্গলবার (১১ জুলাই) রাত নয়টার দিকে গাংনী হাসপাতালে তার মৃত্যু হয় মোমিনুর ইসলাম গাংনী উপজেলার শালদহ গ্রামের মৃত তেঁতুল মন্ডলের ছেলে। অসুস্থদের স্বজন সুত্রে জানা গেছে, সোমবার রাতে মোমিনুর ইসলামের পরিবারের লোকজন মাছ ও মাংস দিয়ে ভাত খেয়ে রাতে ঘুমিয়ে পড়েন। আজ মঙ্গলবার ভোরে মোমিনুর ইসলাম (৬০) ও তার স্ত্রী ছায়েরা বানু (৫৫), ছেলে শামীম রেজা সুমন (৩৮) শামীম রেজা স্ত্রী মমতাজ পারভীন (৩২) ও তার শিশু পুত্র গালিব (৬) গুরুতর অসুস্থ হয়ে পড়ে। পরিবারের অন্যান্য লোকজন তাদেরকে সকাল সাড়ে সাতটার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। চিকিৎসাধীন অবস্থায় রাতে মোমিনুর ইসলামের মৃত্যু হয়। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ২-এর পাতায় দেখুন

## মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন চান রোহিঙ্গারা

**নিজস্ব প্রতিবেদক :** অধিকার-মর্যাদা ও জবাবদিহিতা নিশ্চিতের মাধ্যমে প্রত্যাবাসনে সহযোগিতা চেয়ে মার্কিন বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকারবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়ার কাছে চিঠি দিয়েছেন বাস্তুচ্যুত রোহিঙ্গারা। গতকাল বেলা সোয়া ১১টার দিকে তিনি কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে এলে চিঠিটি দেওয়া হয়। চিঠিতে রোহিঙ্গা সম্প্রদায়ের পক্ষে আরাকান রোহিঙ্গা সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটসের (এআরএসপিএইচআর) চেয়ারম্যান মুহাম্মদ জুবায়েরের সই রয়েছে। ক্যাম্প সূত্রে এ তথ্য জানা গেছে। চিঠিতে উল্লেখ করা হয়, 'আমরা রোহিঙ্গারা মিয়ানমারের আদিবাসী জাতি।




## যশোরে ২৫ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস করলো বিজিবি

**এস আর নিরব, যশোর :** মালিকবিহীন অবস্থায় আটককৃত বিপুল পরিমাণ মাদকদ্রব্য ধ্বংস করেছে যশোর ব্যাটালিয়ন ৪৯ বিজিবি। বুধবার সকালে যশোর ঝুমঝুম ৪৯ বিজিবি ক্যাম্পে আনুষ্ঠানিকভাবে এ মাদকদ্রব্য ধ্বংস করা হয়। যার আনুমানিক মূল্য ২৫ কোটি টাকা। এসব মাদকদ্রব্যের মধ্যে রয়েছে, ভারতীয় ফেনসিডিল, বিভিন্ন প্রকার মদ, গাঁজা, হেরোইন, ইয়াবা, সাপের বিষ, আনাগ্রা, ভায়াগ্রা, সেনেগ্রা প্রভৃতি। মাদকদ্রব্য ২-এর পাতায় দেখুন

## সাতক্ষীরায় অবৈধ বেকারী স্বাস্থ্য ঝুঁকিতে জেলার মানুষ, জেলা প্রশাসকের হস্তক্ষেপ জরুরী



**সোহাগ হোসেন, সাতক্ষীরা :** সাতক্ষীরায় শতাধিক অবৈধ বেকারী স্বাস্থ্য ঝুঁকিতে জেলার ৭ উপজেলার মানুষ। এসব বেকারীর নেই কোন কতৃপক্ষের অনুমোদন।অস্বাস্থ্যকর পরিবেশে তৈরি করা নানা খাদ্যদ্রব্য বাজারজাত করনে প্রতিযোগিতায় নেমেছে মালিকরা! ফলে স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে এ জেলার মানুষ। সরেজমিনে দেখা যায়, সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার কুলিয়া ইমরান বেকারীতে অস্বাস্থ্যকর নোংরা পরিবেশে তৈরি করছে নানা রকমের বেকারী খাদ্য। এ বেকারীতে নেই কোন বিএসটিআই অনুমোদন। দীর্ঘদিন ধরে সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে আসছে মালিকপক্ষ। স্থানীয়দের অভিযোগ প্রশাসনের নজরদারীর অভাবে অস্বাস্থ্যকর পরিবেশে কেক, বিস্কুট, পাউরুটি, ক্রিমরোলসহ নানা ধরনের খাদ্য তৈরি করছে ইমরান বেকারীর কারিগররা। এতে স্বাস্থ্য ঝুঁকিতে পড়ছে ভোক্তারা । এই বেকারীতে দেখা মিলিছে শিশু শ্রমিক। অন্যদিকে বেকারীতে মেয়াদ উত্তীর্ণ খাদ্য দ্রব্য পাত্রে ভিজিয়ে রেখেছে! বিস্কুটের উপরে মাছি পড়ছে! এ ছাড়াও বেকারীতে ২-এর পাতায় দেখুন



## ইবি ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

**ইবি প্রতিনিধি :** সরকার পতনের নামে নৈরাজ্য সৃষ্টি করে পায়তারা করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রলীগ। বুধবার বেলা ১২টায় মিছিলটি ছাত্রলীগের টেন্ড থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে সমাবেশে মিলিত হয়। এসময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত ও সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয়ের নেতৃত্বে উপস্থিত ছিলেন সহ-সভাপতি আল-মামুন, আরিফুল ইসলাম খান, মামুন অর রশিদ ও রকিবুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক ২-এর পাতায় দেখুন




## অরনি চিলড্রেন থিয়েটারের উদ্যোগ শিশু কিশোরদের সাংস্কৃতিক সন্ধ্যা

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর অরনি চিলড্রেন থিয়েটারের উদ্যোগ " শিশুর জন্য নিরাপদ মাতৃভূমি গড়ার প্রত্যয়" শিশু কিশোর সংগীত শিল্পীদের সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যা অনুষ্ঠানের আয়োজন করা হয়। মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিশু কিশোর সংগীত শিল্পীদের সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যা অনুষ্ঠিত হয়। অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবেরের সভাপতিত্বে সাধারণ ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই),**ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**



# বিজয় সেতুপতিকে ‘স্যার’ সম্বোধন শাহরুখের

**বিনোদন ডেস্ক :** বক্স অফিসে ঝড় তুলতে যাচ্ছে শাহরুখের নতুন সিনেমা ‘জওয়ান’। ইতোমধ্যেই ছবিটির দুই মিনিটের প্রিভিউ ভিডিও ভক্তদের উন্মাদনা বাড়িয়ে দিয়েছে। পাঠানের পর শাহরুখ যে বড় আরও একটি চমক নিয়ে হাজির হচ্ছে সেটা বুঝতে বাকি নেই সিনেমাপ্রেমীদের। ‘জওয়ান’-এ শাহরুখকে দেখা যাবে কয়েকটি লুকে। কখনো পর্দায় তিনি হাজির হবেন সেনার বেশে, কখনো আবার লাল শার্ট পরে রোমান্টিক মেজাজে। কখনো দর্শকদের চমকে দিবেন ন্যাড়া লুকে।

সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতোমধ্যেই বিপুল সাড়া ফেলেছে ‘জওয়ান’-এর প্রিভিউ ভিডিও। বিষয়টি নজরে পড়েছে খোদ শাহরুখেরও। এক টুইটবার্তায় সিনেমার সহকর্মী ও নির্মাতাকে ধন্যবাদ জানিয়েছেন তিনি।

শুধু ধন্যবাদই নয়, এই ছবিতে অভিনয় করা দক্ষিণী তারকা বিজয় সেতুপতিকেও ‘স্যার’ বলেও সম্বোধন করেছেন তিনি। যা মুগ্ধ করেছে ভক্তদের। গত মঙ্গলবার টুইটারে অ্যাটলি কুমারের উদ্দেশে শাহরুখ লিখেছেন, ‘স্যার! এত সাড়ার পেছনে আপনিই আসল মানুষ। সব কিছুর জন্য ধন্যবাদ। লাভ ইউ অল।’ এরপর বিজয় সেতুপতির উদ্দেশে বলেছেন, ‘স্যার, আপনার সঙ্গে কাজ করা সম্মানের। শুটিং সেটে আমাকে কিছুটা তামিল ভাষা শেখানো এবং সুস্বাদু খাবারগুলোর জন্য ধন্যবাদ। লাভ ইউ নানবা (তামিল ভাষায় বন্ধু)।’ দক্ষিণী তারকার প্রতি বলিউড বাদশাহর এমন সম্মান প্রদর্শন সকলের প্রশংসা কুড়িয়েছে।

কারণ এই সিনেমায় শাহরুখ শুধু একজন অভিনেতাই নন, প্রযোজকও তিনি। তবুও সবাইকেই ভালোবাসার চাদরে রেখেছেন কিং খান।

প্রসঙ্গত, অ্যাটলির পরিচালনায় ‘জওয়ান’-এ শাহরুখ খানের বিপরীতে নায়িকা হিসেবে দেখা যাবে দক্ষিণী অভিনেত্রী নয়নতারাকে। আগাম ঝলকে অ্যাকশনে দেখা গেছে দীপিকা পাড়ুকোনকে। এছাড়াও দেখা গেছে বিজয় সেতুপতি, প্রিয়মণি, সানিয়া মালহোত্রাসহ একঝাঁক তারকাকে। আগামী ৭ সেপ্টেম্বর সিনেমা হলে মুক্তি পাবে ছবিটি।



# পাসপোর্ট নেই, বিমানবন্দরে আটকা পড়লেন মৌনী

**বিনোদন ডেস্ক :** তড়িঘড়ি করে বাসা থেকে বের হলেন বিমান ধরার জন্য। কিন্তু ব্যাগে পাসপোর্ট নিতে বেমালুম ভুলে গেলেন বলিউড অভিনেত্রী মৌনী রায়। বিমানবন্দরের প্রবেশদ্বারে কর্তব্যরত নিরাপত্তারক্ষী অভিনেত্রীর কাছে পাসপোর্ট দেখতে চাইলে ব্যাগে তন্ন তন্ন করেও খুঁজে পাননি তিনি। পাবেন কীভাবে, ফেলে এসেছেন তো বাসাতেই।

গতকাল বুধবার সাতসকালে মুম্বাই বিমানবন্দরে ধরা পড়ল এমন চিত্র। পাসপোর্ট না থাকায় বিমানবন্দরের গেটে বেশ খানিকক্ষণ সময় একলা অপেক্ষা করতে হলো অভিনেত্রীকে।

নিরাপত্তারক্ষী স্পষ্ট জানিয়ে দেন, ‘পাসপোর্ট না থাকলে বিমানবন্দরে ঢোকা যাবে না।’ কী আর করা! বাধ্য হয়ে সেখানেই শুকনো মুখে দাঁড়িয়ে থাকতে হলো মৌনীকে।

ঘটনার মুহূর্ত ক্যামেরাবন্দি করার সুযোগ হাতছাড়া করেননি বিমানবন্দরে উপস্থিত পাপ্পারাজিরা। ভিডিও ভাইরালও হয় দাবানলের গতিতে। সেখানেই দেখা যায়, কো-অর্ড সেট পরনে মৌনী রায় হাসিমুখেই বিমানবন্দরে ঢুকছিলেন। আন্তর্জাতিক বিমান ধরবেন। সম্ভবত দুবাই যাচ্ছিলেন অভিনেত্রী। কিন্তু পাসপোর্ট নেই, বাধা পড়ল গেটে। পুরো ঘটনাটি পাপ্পারাজিদের কাছে হাসিমুখেই বললেন মৌনী। ভিডিওতে অভিনেত্রীকে বলতে শোনা যায়, ‘এই তো হয়ে গেল, পাসপোর্ট ভুলে রেখে এসেছি।’ মৌনীর মুখে এমন কথা শুনে এক পাপ্পারাজির বক্তব্য, ‘আরে বাপ রে বাপ!’ শেষ পর্যন্ত পাসপোর্ট না আসা পর্যন্ত প্রবেশদ্বারের বাইরেই অপেক্ষা করতে হয় ‘নাগিন’ খ্যাত অভিনেত্রীকে।



# ‘মাসুদ’র গেটআপ অনেকটা আমার বাবার মতো : নিশো

**বিনোদন ডেস্ক :** এবারের ঈদে মুক্তিপ্রাপ্ত ‘সুড়ঙ্গ’ সিনেমা দিয়ে প্রথমবারের মতো বড় পর্দায় অভিষেক ঘটে ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা আফরান নিশোর। এতে ‘মাসুদ’ চরিত্রে অভিনয় করেন তিনি। গতকাল (মঙ্গলবার) রাতে নিজের জন্মভূমি টাঙ্গাইলের ভূঞাপুরে আসেন অভিনেতা। এ সময় তাকে এলাকাবাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়।

প্রথমবারের মতো সিনেমায় অভিনয় করছেন, তা যেন নিশো ভক্তরা দেখতে পারেন সেজন্য ভূঞাপুর স্বাধীনতা কমপ্লেক্সে অস্থায়ী হল তৈরি করে স্থানীয় কয়েকজন যুবক। আয়োজকদের আমন্ত্রণে এদিন পুরো ‘সুড়ঙ্গ’ টিম নিয়ে হাজির হন নিশো।

কথা বলতে গিয়ে প্রয়াত বাবাকে স্মরণ করে স্মৃতিকাতর হয়ে পড়েন এ অভিনেতা। নিশো বলেন, “জন্মভূমির শেকড়টা ভুলতে চাই না কখনো। টাঙ্গাইলে আসলেই আমার ভাষা টাঙ্গাইলের মতো হয়ে যায়। এছাড়া আমার কাজের মধ্যেও এই ভাষাটা দেওয়ার চেষ্টা করি।

‘সুড়ঙ্গ’ সিনেমাটিতে মাসুদের যে চরিত্রের গেটআপ সেটা অনেকটা আমার বাবার মতো, এটা কাউকে বলা হয়নি। আমার বাবা দেখতেও অনেকটা ওইরকম ছিলেন। আমার মা বলেছেন যে, তোমাকে দেখতে একদম তোমার বাবার মতো লাগতেছে। ভূঞাপুর আমার জন্মস্থান। সবসময় এখানে আসতাম। তবে মাঝে মাঝে গভীর রাতে বাবার কথা মনে হলেই গাড়ি চালিয়ে গ্রামে গিয়ে বাবার কবর জিয়ারত করে চলে যাই। তবে কাউকে বলি না।”

এ অভিনেতা আরও বলেন, ‘একসময় ভূঞাপুরে দুইটা সিনেমা হল ছিল। কিন্তু বর্তমানে একটাও নেই। তারপরও আমার জন্মস্থানে আমার ভক্তরা অস্থায়ী সিনেমা হল বানিয়ে সিনেমা দেখার সুযোগ করে দিয়েছে তার জন্য আমি সারা জীবন কৃতজ্ঞ থাকব।

# কারাবন্দি সু চির সঙ্গে থাই পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ

**আন্তর্জাতিক ডেস্ক :** মিয়ানমারের কারাবন্দি গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চির সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রতিবেশী থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রী ডন প্রামোদউইনাই। রাজধানী নেইপিদোর যে কারাগারে সু চি বন্দি আছেন, সেখানেই গত রোববার হয়েছে এই সাক্ষাৎ।

ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় দক্ষিণপূর্ব এশিয়ার দেশগুলোর জোট অ্যাসোসিয়েশন অব সাউথ ইস্ট এশিয়ান নেশনের (আসিয়ান) বৈঠক শুরু হয়েছে। মিয়ানমার এই জোটের অন্যতম সদস্য। বুধবার ছিল এই জোটভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক।

বৈঠক শুরুর আগে এক সংবাদ সম্মেলনে সু চির সঙ্গে সাক্ষাতের এই তথ্য জানিয়ে মন্ত্রী বলেন, ‘আমরা একটি বৈঠক করেছি। তার স্বাস্থ্যগত অবস্থা ভালো এবং বৈঠকটি চমৎকার ছিল।’



২০২০ সালের জাতীয় নির্বাচনে কারচুপির অভিযোগ তুলে ২০২১ সালের ১ নভেম্বর অভ্যুত্থানের মাধ্যমে সু চির নেতৃত্বাধীন ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি (এনএলডি) সরকারকে উচ্ছেদ করে জাতীয় ক্ষমতা দখল করে মিয়ানমারের সামরিক বাহিনী। সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লেইং এই অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছিলেন।

অভ্যুত্থানের পর ক্ষমতায় আসীন হওয়া সামরিক সরকারের প্রধান হন জেনারেল হ্লেইং, আর সু চিকে নেইপিদোর একটি কারাগারে বন্দি করা হয়। তার বিরুদ্ধে দুর্নীতি সংক্রান্ত বেশ কিছু অভিযোগ আনে জান্তা। রাজধানীর একটি সামরিক আদালতে ২০২১ সালের মাঝামাঝি সেসব অভিযোগের বিচার শুরু হয়।

সেই বিচার এখনও চলছে এবং ইতোমধ্যে শান্তিতে নোবেলজয়ী ৭৮ বছর বয়সী এই গণতন্ত্রপন্থী নেত্রীকে ৩৩ বছর কারাদণ্ড দিয়েছেন সামরিক আদালত।

উল্লেখ্য, কারাগারে বন্দি করার পর থেকে কেবলমাত্র নিজেদের লোক ব্যতীত আর কাউকে সু চির সঙ্গে সাক্ষাতের অনুমতি দেয়নি জান্তা। এমনকি নেইপিদোর সামরিক আদালতের যেসব আইনজীবী সুচির পক্ষে লড়ছেনড় তাদের সঙ্গেও নয়। আদালতের বাইরে ভিডিও কলের মাধ্যমে সুচির সঙ্গে কথাবার্তা বলতে পারতেন তারা। অভ্যুত্থানের পর সু চিকে মাত্র একবার প্রকাশ্যে দেখা গেছে। গত বছর সামরিক আদালতে শুনানি শেষে যখন সশস্ত্র কাররক্ষী পরিবেষ্টিত অবস্থায় বেরিয়ে যাচ্ছিলেন তিনি, সে সময় মিয়ানমারের একটি সরকারি সংবাদমাধ্যমের আলোকচিত্রী তার কয়েকটি ছবি তুলেছিলেন।



# দুই কারণে সুইডেনকে ন্যাটোতে নিতে রাজি হয়েছেন এরদোয়ান

**আন্তর্জাতিক ডেস্ক :** এক বছরেরও বেশি সময় ধরে সুইডেনের ন্যাটো সদস্যপদ ঝুলিয়ে রেখেছিলেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। তবে সোমবার (১০ জুলাই) ন্যাটো মহাসচিব জেনস স্টলটেনবার্গ ও সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসনের সঙ্গে লিথুয়ানিয়ায় একটি বৈঠক শেষে দেশটিকে সদস্যপদ দিতে সম্মত হন এরদোয়ান।

মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম মিডল ইস্ট আই জানিয়েছে, দু’টি কারণে সুইডেনকে ন্যাটোতে নিতে রাজি হয়েছেন এরদোয়ান। প্রথমটি হলোড় যুক্তরাষ্ট্র তুরস্কের কাছে নতুন ৪০টি এফ-১৬ যুদ্ধবিমান বিক্রি করবে ও পুরাতন যুদ্ধবিমান সংস্কারের জন্য যন্ত্রাংশ দেবে। এছাড়া আঙ্কারাকে ওয়াশিংটন ৯০০টি এয়ার টু এয়ার ক্ষেপণাস্ত্র এবং ৮০০টি বোমা দেবে।

আর দ্বিতীয়টি হলোড় তুরস্কের ওপর অস্ত্র নিষেধাজ্ঞা তুলে নিবে কানাডা।

রাশিয়া ইউক্রেনে হামলা করার পরড় নিজেদের নিরাপত্তার কথা চিন্তা করে ২০২২ সালের মে মাসে ন্যাটোতে যোগ দেওয়ার আবেদন করে সুইডেন এবং ফিনল্যান্ড। আবেদনের এক বছর পর গত ৩০ মে ফিনল্যান্ডের সদস্যপদের অনুমোদন দেয় তুরস্কের পার্লামেন্ট। কিন্তু সুইডেনের বিষয়টি আটকে রাখে দেশটি।

তবে ১১ জুলাই লিথুয়ানিয়ায় ন্যাটোর বার্ষিক সম্মেলন শুরুর আগে সুইডেনের সদস্যপদ নিয়ে তৎপরতা শুরু করে যুক্তরাষ্ট্র।

# বৃষ্টি ও বন্যায় ভারতে শতাধিক মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** প্রবল বৃষ্টিতে সৃষ্ট বন্যা পরিস্থিতি ও ধসের কারণে মঙ্গলবার উত্তর ভারতে আরও অন্তত ২০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে শতাধিক মানুষের মৃত্যু হয়েছে।

হিমাচল প্রদেশে মঙ্গলবার মৃত্যুর সংখ্যা ৩১-এ গিয়ে ঠেকেছে। এই প্রদেশেই বর্ষা শুরু পর থেকে মোট ৮০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। অন্যদিকে, পাশের উত্তরাখণ্ডে পাঁচ জনের মৃত্যু হয়েছে। এছাড়া উত্তর প্রদেশ, পাঞ্জাব ও রাজস্থানে একজন করে মারা যাওয়ার খবর পাওয়া গেছে।

গত চার দিন ধরে উত্তর ভারতজুড়ে টানা বৃষ্টি হচ্ছে। এর ফলে হিমাচল প্রদেশ ছাড়াও দিল্লি, উত্তরাখণ্ড, পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থানে বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। এর মধ্যে হিমাচল প্রদেশের অবস্থা সবচেয়ে শোচনীয়। সেখানে পাহাড় ধস, সড়কে ভাঙন ও সেতু ভেসে যাওয়ার মতো ঘটনা ঘটছে।

হিমাচলের মান্ডি, উনা, হামিরপুর, বিলাসপুর, চম্বা, কাংড়া এবং কুলু, সিরমুর, কিন্নৌর, শিমলা এলাকায় ভয়াবহ পরিস্থিতি বিরাজ করছে। এ রাজ্যের নদীগুলোর পানি বিপদসীমার ওপর দিয়ে বইছে। ইরাবরতী, বিতস্তা, শতদ্রু এবং চন্দ্রভাগা নদী ভয়াবহ আকার ধারণ করেছে। সোলান উপত্যকায় রোববার ৫০ বছরের রেকর্ড ভেঙে দিয়েছে বৃষ্টি। ১৩৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে সোলানে।

হিমাচলের আবহাওয়া দপ্তর সূত্রে খবর, গত ১ জুলাই থেকে ১১ জুলাই পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৪৯.৬ মিলিমিটার। যা স্বাভাবিক বৃষ্টিপাতের তুলনায় ২২৬ শতাংশ বেশি। কিন্নৌরে ৫০০ শতাংশ বেশি বৃষ্টি হয়েছে। সোলানে ৪২৬ শতাংশ, সিরমুরে ৩৬৭ শতাংশ, শিমলায় ৩৬০ শতাংশ, বিলাসপুরে ৩২৫ শতাংশ, লাহুল এবং স্পিতিতে ২৩৩ শতাংশ, মান্ডিতে ১৩০ শতাংশ। দুর্যোগের কারণে হিমাচলের বিভিন্ন প্রান্তে আটকে রয়েছে ৩০০ পর্যটক। রাজ্যের ৪১টি জায়গায় ধস এবং একটি জায়গায় মেঘভাঙা বৃষ্টি হয়েছে।

ভারতের আবহাওয়া অফিস ২৪টি রাজ্যে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। তারা জানিয়েছে, গত কয়েকদিন ধরে টানা বৃষ্টি হচ্ছে হিমাচল, উত্তরাখণ্ড, পঞ্জাব এবং দিল্লিতে। বৃষ্টির পরিমাণ সামান্য কমবে হিমাচলে। তবে বৃষ্টি পরিমাণ বাড়বে উত্তরাখণ্ড, পশ্চিম উত্তরপ্রদেশ এবং বিহারে।

# পাকিস্তানে আগুনে ৬ শিশুসহ একই পরিবারের ১০ জন নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানে বাড়িতে আগুন লেগে একই পরিবারের ১০ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ৬ জন শিশু এবং তিনজন নারী। অগ্নিকাণ্ডের ঘটনায় প্রাণে বাঁচতে সক্ষম হয়েছেন মাত্র একজন। গত বুধবার (১২ জুলাই) দক্ষিণ এশিয়ার এই দেশটির পূর্বাঞ্চলীয় পাঞ্জাব প্রদেশের রাজধানী লাহোরে এই ঘটনা ঘটে। বুধবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে পাকিস্তানি সংবাদমাধ্যম দ্য নিউজ ইন্টারন্যাশনাল।

প্রতিবেদনে বলা হয়েছে, বুধবার লাহোরের ভাটি গেট এলাকায় বাড়িতে আগুন লেগে ছয় শিশু ও তিন নারীসহ একই পরিবারের ১০ জনের মতো সদস্য দগ্ধ হয়ে মারা গেছেন। তবে ভুক্তভোগী ওই পরিবারের মাত্র একজন সদস্য ভবন থেকে লাফ দিয়ে প্রাণঘাতী আগুন থেকে বাঁচতে সক্ষম হন।

দ্য নিউজ ইন্টারন্যাশনাল বলছে, রেফ্রিজারেটরের কম্প্রেসারে বিস্ফোরণ থেকে ভয়াবহ ওই আগুনের সূত্রপাত হয়েছে বলে জানিয়েছেন উদ্ধারকারী কর্মকর্তারা।

# দ্য আনবেয়ারেবল লাইটনেস অব বিয়িংয়ের লেখক কুন্দেরা আর নেই

**আন্তর্জাতিক ডেস্ক :** রসিকতা, যৌনতা, দর্শন আর ইতিহাসের নানা উত্থান-পতনকে কেন্দ্র করে ‘দ্য আনবেয়ারেবল লাইটনেস অব বিয়িং’ উপন্যাস লিখে বিশ্বজুড়ে পরিচিতি পাওয়া চেক-বংশোদ্ভূত লেখক মিলান কুন্দেরা মারা গেছেন। প্রায় পাঁচ দশক ধরে প্যারিসে বসবাস করে আসা এই ঔপন্যাসিক মঙ্গলবার ৯৪ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন।



কুন্দেরার ব্যক্তিগত সংগ্রহশালা দ্য মোরাভিয়ান লাইব্রেরি (এমজেডকে) বলেছে, দীর্ঘদিনের অসুস্থতার পর মঙ্গলবার প্যারিসে নিজ বাসভবনে মারা গেছেন তিনি।

কুন্দেরা তার গল্প কিংবা উপন্যাসের চরিত্রগুলোকে যেভাবে লেখনীর মাধ্যমে তুলে ধরেন, তা মানুষের দৈনন্দিন জীবনে ঘটে যাওয়া নানা ঘটনা। গল্পের মোড়কে তিনি পাঠককে টেনে নিয়ে যান গভীর অন্তর্দৃষ্টির সামনে, যেন দাঁড় করিয়ে দেন আয়নার মুখোমুখি।

চেক প্রধানমন্ত্রী পিটার ফিয়ালা এক বিবৃতিতে বলেছেন, ‘মিলান কুন্দেরা এমন একজন লেখক ছিলেন; যিনি সব মহাদেশের পাঠকদের পুরো প্রজন্মের কাছে পৌঁছেছিলেন এবং বিশ্বজুড়ে খ্যাতি অর্জন করেছিলেন।’

‘তিনি কেবল কথাসাহিত্যই নয়, উল্লেখযোগ্য প্রবন্ধ রচনাও করে গেছেন।’

১৯২৯ সালে চেক প্রজাতন্ত্রের ব্রনো শহরে জন্মগ্রহণ করেন কুন্দেরা। ১৯৬৮ সালে প্রাগ বসন্তের উদারবাদী সংস্কার আন্দোলন দমনে চেকোশ্লোভাকিয়ায় আগ্রাসন চালায় সোভিয়েত। এই আগ্রাসনের সমালোচনা করায় ১৯৭৫ সালে পরিবারসহ ফ্রান্সে নির্বাসিত হন তিনি।

গণমাধ্যমের সঙ্গে একেবারে কথা বলতে চাইতেন না এই লেখক। তিনি বিশ্বাস করতেন, বিশ্বাসী লেখকরা কাজের মাধ্যমে কথা বলেন। নির্বাসিত হওয়ার পর নিজ দেশের সাথে তার সম্পর্ক আরও বৈরী হয়ে ওঠে।

তার প্রথম উপন্যাস ‘দ্য জোক’ ১৯৬৭ সালে প্রকাশিত হয়। এতে চেকোশ্লোভাকিয়ার কমিউনিস্ট শাসনের ভয়ঙ্কর চিত্রনাট্য হাজির করেছিলেন তিনি।

## স্পোর্টস




# ফিফার নিষেধাজ্ঞার মুখে রোনালদোর আল-নাসর

**স্পোর্টস ডেস্ক :** দলবদলের মৌসুম শুরুর পর থেকেই সব আলোচনার কেন্দ্রে আছে সৌদি আরব। বিশ্বকাপের পর পর্তুগিজ সুপারস্টার ক্রিশ্চিয়ানো রোনালদোকে ভিড়িয়ে আলোচনার জন্ম দিয়েছিলো আল-নাসর। এরপর থেকেই প্রতিনিয়ত ট্রান্সফার মার্কেটে শিরোনাম হচ্ছে সৌদি ক্লাবগুলো। ইউরোপ থেকে তারকা খেলোয়াড়দের বিপুল অর্থে টেনে আনছিলো এসব ক্লাব। তবে এবার খেলোয়াড় আনার এই প্রক্রিয়ায় বাদ সেধেছে ফিফা। রোনালদোর ক্লাব আল নাসরের বিপক্ষেই এলো প্রথম নিষেধাজ্ঞা।

ঘটনার মূল সূত্রপাত ২০১৮ সালে। সেবার ইংলিশ ক্লাব লেস্টার সিটি থেকে নাইজেরিয়ান স্ট্রাইকার আহমেদ মুসাকে কিনে নেয় আল-নাসর। দুই বছর পর ২০২০ সালে তাকে ছেড়েও দেয় ক্লাবটি। তবে দলবদলের পাঁচ বছর পরেও লেস্টার সিটিকে চুক্তির পুরো টাকা পরিশোধ করেনি রোনালদোর ক্লাবটি। চুক্তির শর্ত অনুযায়ী, সৌদি ক্লাবটি থেকে এড অন্স বাবদ ৩ লাখ ৯০ হাজার পাউন্ড পাবে লেস্টার সিটি। কিন্তু সামান্য এই অর্থ পরিশোধেই গড়িমসি আল-নাসরের। এর আগে, ২০২১ সালে ক্লাবটিকে সতর্কও করেছিলো ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। কিন্তু, তারপরেও টাকা পরিশোধ করেনি তারা।

# সেরা দশে ফিরলেন সাকিব



**স্পোর্টস প্রতিবেদক :** সদ্য সমাপ্ত আফগানিস্তান সিরিজটি ভালো যায়নি বাংলাদেশের জন্য। ব্যাটে বলে মোটাদাগে ব্যর্থ হয়েছেন দলের সবাই। সিরিজের তৃতীয় ওয়ানডেতে দাপুটে জয় পেলেও তাতে সমর্থকদের মন ভরেনি। তবে, ব্যর্থতার এই সিরিজেও আছে ব্যক্তিগত অর্জন। সিরিজে চার উইকেট পেয়ে বোলারদের র‌্যাঙ্কিংয়ে শীর্ষ দশে ফিরে এসেছেন বাংলাদেশের সাকিব আল হাসান।

আইসিসি র‌্যাঙ্কিংয়ের সবশেষ প্রকাশিত তালিকায় দেখা গেলো বাংলাদেশি এই অলরাউন্ডারের উন্নতি। ওয়ানডেতে বোলারদের তালিকায় তিন ধাপ এগিয়ে ১০ নম্বরে উঠে এসেছেন সাকিব। বাঁহাতি এই স্পিনার সিরজের তিন ম্যাচ খেলে নিয়েছেন চার উইকেট।

সিরিজের শেষ ওয়ানডেতে বাংলাদেশের জয়ে ভূমিকা রেখেছেন দুই পেসার তাসকিন আহমেদ এবং শরীফুল হাসান। দুই ম্যাচে ৩ উইকেট নেওয়া তাসকিন এগিয়েছেন পাঁচ ধাপ। এই পেসার আছেন ৪৫তম অবস্থানে। এক ম্যাচে চার উইকেট নেয়া শরীফুলের অবস্থান এখনো শীর্ষ ১০০ এর বাইরে। যদিও ক্যারিয়ারসেরা ১০৪তম অবস্থানে আছেন তিনি।

এক ম্যাচ খেলেই র‌্যাঙ্কিংয়ে ৯ ধাপ এগিয়ে ৫৬তম স্থানে উঠে এসেছেন বাঁহাতি স্পিনার তাইজুল ইসলাম। সিরিজের শেষ ওয়ানডে ম্যাচে ৯ ওভারে ৩৩ রান দিয়ে উইকেট নেন ২টি। উন্নতি ঘটেছে লিটন দাসের র‌্যাঙ্কিয়েও।

সবশেষ র‌্যাঙ্কিংয়ে অবশ্য বড় পরিবর্তন দেখেছেন আফগানিস্তানের খেলোয়াড়রা। দুই ম্যাচে চার উইকেট নেয়া রশিদ খান অনেকখানি। তিন ধাপ এগিয়ে চারে অবস্থান করছেন এই আফগান স্পিনার।

সিরিজে সেঞ্চুরির দেখা পেয়েছেন দুই আফগান ওপেনার। এর ফলও এসেছে হাতেনাতে। ১১ ধাপ এগিয়ে র‌্যাঙ্কিংয়ে ১৬তম স্থানে উঠে এসেছেন ইবরাহিম জাদরান। আর গুরবাজ এগিয়েছেন ৪৫ ধাপ, উঠে এসেছেন ৪৫তম স্থানে।

টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল আর চলতি অ্যাশেজে দারুণ ব্যাট করার পুরস্কার পেয়েছেন অস্ট্রেলিয়ার ট্রাভিস হেড। অজি এই মিডলঅর্ডার ব্যাটার এখন আছে ২য় স্থানে। তার উপরে আছেন নিউজিল্যান্ডের কেইন উইলিয়ামসন।

র‌্যাঙ্কিংয়ে অবনতি হয়েছে স্টিভেন স্মিথ, মার্নাস লাবুশেন ও জো রুটের। অ্যাশেজে পারফর্ম করতে ব্যর্থ হওয়ায় নেমে গিয়েছেন তারা। নতুন র‌্যাঙ্কিংয়ে স্মিথ আছেন চারে। মার্নাস লাবুশেন আছেন পাঁচ ও জো রুট আছেন ৬ষ্ঠ স্থানে।

অ্যাশেজে তিনজনের বাজে ফর্মের কারণে কপাল খুলেছে পাকিস্তানের অধিনায়ক বাবর আজমের। কোন ম্যাচ না খেলেই ৮৬২ রেটিং নিয়ে তৃতীয় স্থানে রয়েছেন পাকিস্তানের এই ব্যাটার।

# এমএলএসে মেসিকে স্বাগত জানালেন প্রতিদ্বন্দ্বী রুনি

**স্পোর্টস ডেস্ক :** খেলার মাঠে বেশ কয়েকবার লিওনেল মেসির মুখোমুখি হয়েছিলেন ইংল্যান্ডের ওয়েইন রুনি। প্রতিদ্বন্দ্বী হিসেবে খুব একটা সুখকর অভিজ্ঞতা নেই রুনির। ম্যানচেস্টার ইউনাইটেডে থাকাকালে মেসির কাছে দুবার চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে হেরেছেন তিনি। খেলোয়াড়ি জীবন শেষে এখন কোচিং জগতে আছেন রুনি। কাজ করছেন যুক্তরাষ্ট্রের ক্লাব ডিসি ইউনাইটেডে। যেখানে আরও একবার লিওনেল মেসির সামনে পড়তে হবে তাকে।

তবে প্রতিপক্ষ ক্লাবে এলেও মেসিকে যুক্তরাষ্ট্রের লিগে স্বাগত জানাতে ভুল করেননি সাবেক এই ইংলিশ তারকা। তর্কসাপেক্ষে সর্বকালের সেরা খেলোয়াড় হিসেবে মেসির গুণ গাইলেন এই তারকা।

এমএলএস ক্লাব ইন্টার মায়ামিতে মেসির যোগদান প্রসঙ্গে তিনি বলেন, ‘আমার মতে, বাণিজ্যিক দিক বিবেচনায় এটা এমএলএসের জন্য দারুণ একটি খবর। সারাবিশ্ব থেকে চুম্বকের মত দর্শকদের আকর্ষণ করবে এটি। মেসিকে আনার মাধ্যমে, আমরা তর্কসাপেক্ষে সর্বকালের সেরা




# সাবিনাদের দুঃসময়ে নেই পল

**স্পোর্টস প্রতিবেদক :** ম্যাচ পূর্ববর্তী সংবাদ সম্মেলন। নেপাল ম্যাচের জন্য ভারপ্রাপ্ত কোচ মাহবুবুর রহমান লিটু প্রশ্নত্তোরের এক পর্যায়ে ‘ক্রাইসিস মোমেন্ট’ বিষয়টি উল্লেখ করেছেন। সেই সংকটকালীন সময়ে পাশে নেই বাফুফের টেকনিক্যাল ডাইরেক্টর পল স্মলি। তিনি নিজে না থাকলেও দলের ওপর খবরদারি রয়েছে ঠিকই।

বাংলাদেশ নারী দলের সঙ্গে যুক্ত থাকেন ফিটনেস কোচ ইভান রাজলভ। আট মাস পর আন্তর্জাতিক ম্যাচ খেলতে যাওয়া সাবিনাদের সঙ্গে থাকতে দেননি ইভান রাজলভকেও। টেকনিক্যাল ডাইরেক্টর পল স্মলির এই খবরদারি অবশ্য মেনে নিয়েছেন বাফুফে। সংবাদ সম্মেলনে বাফুফে নির্বাহী সদস্য ও মহিলা উইংয়ের চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ বলেন,‘পল ইভানকে নারী দলের সঙ্গে দেয়নি এবার। সে এখনো আমাদের টেকনিক্যাল ডাইরেক্টর তার নির্দেশনাতেই এটা হয়েছে।’

২০১৬ সালে টেকনিক্যাল ডাইরেক্টর হিসেবে বাফুফেতে যোগ দেন ব্রিটিশ নাগরিক পল স্মলি। টেকনিক্যাল ডাইরেক্টর হিসেবে যোগ দিলেও তার কাজের মূল ক্ষেত্রই ছিল বাংলাদেশ নারী ফুটবল দল। সিনিয়র, জুনিয়র সকল দলের সঙ্গেই ছিলেন পল। অনুশীলন সূচি, পরিকল্পনা সব কিছুই ছিল তার তত্ত্বধায়নে। আকস্মিকভাবে মে মাস থেকে তিনি আর সাবিনাদের অনুশীলনে আসছেন না।

# অনেক কটুকথা শুনতে হয়েছে আমাকে : মেসি

**স্পোর্টস ডেস্ক :** কাতার বিশ্বকাপ জয়ের মধ্য দিয়ে চক্র পূর্ণ করেছেন লিওনেল মেসি। আর্জেন্টিনার তিন যুগের শিরোপাখরা ঘুচানোর পাশাপাশি নিজের ক্যারিয়ারের সবচেয়ে বড় আক্ষেপটাও মিটিয়েছেন ফুটবলের এই মহাতারকা। অথচ সোনালি ট্রফিটা উঁচিয়ে ধরার আগমুহূর্ত পর্যন্ত কম কটুকথা শুনতে হয়নি তাকে। এমনকী নিজের দেশ আর্জেন্টিনাতেও তাকে নিয়ে অনেক সমালোচনা ছিল।



ক্যারিবিয়ান দ্বীপ বাহামাতে ছুটি কাটিয়ে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ফ্লোরিডায় পা রেখেছেন বিশ্বজয়ী আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি। দুয়েক দিনের মধ্যে তিনি সেখানকার মেজর লিগ সকার (এমএলএস) ক্লাব ইন্টার মায়ামির সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি সম্পন্ন করতে পারেন। এরপরই আগামী রোববার (১৬ জুলাই) ক্লাবটির বর্ণাঢ্য অভ্যর্থনা অনুষ্ঠানে যোগ দেবেন সাবেক এই পিএসজি ফরোয়ার্ড।

গত মঙ্গলবার (১১ জুলাই) ফ্লোরিডার ফোর্ট লডারডেল এয়ারপোর্টে পরিবারসহ বিমান থেকে তাকে নামতে দেখা যায়। গত ৮ জুন বার্সেলোনা ও সৌদি আরবের ক্লাব আল হিলালকে হতাশ করে মায়ামিতে যাওয়ার ঘোষণা দেন মেসি। সবাইকে অনেকটা চমকে দিয়েই তিনি সকার ক্লাবটিতে যাওয়ার এই সিদ্ধান্ত নেন।

মায়ামিতে পৌঁছেই আর্জেন্টিনার একটি টিভি চ্যানেলকে জানালেন নিজের হবু ক্লাব নিয়ে ভাবনার কথা। কথা বলেন আর্জেন্টিনার হয়ে বিশ্বকাপ জেতার আগে মানুষের সমালোচনার টার্গেট হওয়া নিয়েও। ট্রফি শূন্য দিনগুলোর কথা মনে করিয়ে মেসি বলেন, ‘সত্যিটা হলো সেই সময়গুলো খুব কঠিন ছিল। যখন বার্সেলোনাতে থাকতাম, সময়টা দারুণ যেত। কারণ সেসময় দারুণ সব ম্যাচে জয় পেতাম, ভালো করতাম, প্রশংসা শুনতাম এবং খেলাগুলো উপভোগ করতাম। কিন্তু যখন বার্সা থেকে আর্জেন্টিনার মাটিতে পা ফেলতাম, তখনই নানারকম কটুকথা শুনতে হতো। আমাকে নিয়ে মানুষের তর্ক ও সমালোচনা থাকত। কারণ সবসময় একটা ফলের ওপর নির্ভর করে আমাকে মূল্যায়ন করা হতো।’

আরও বলেন, ‘ভাগ্যবান যে আমি ক্লাব পর্যায়ে ভালো করছিলাম। যখন জাতীয় দলের হয়ে খেলতে গিয়ে কিছু ভুল হয়ে যেত, তখন বার্সেলোনায় চলে যেতাম। ভুলে যাওয়ার চেষ্টা করতাম জাতীয় দলের হয়ে আমরা কতটা খারাপ করছিলাম।’